# উপজেলা পরিষদ
## জৈন্তাপুর, সিলেট।

**উপজেলা পরিষদ, জৈন্তাপুর,সিলেট এর সেপ্টেম্বর/২০২৪ইং মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :**

সভাপতি : উম্মে সালিক রুমাইয়া, প্রশাসক, উপজেলা পরিষদ, জৈন্তাপুর, সিলেট।
তারিখ : ১৭/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ
সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিস্ট -ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিস্ট -খ

সভাপতি আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। অদ্যকার সভার কার্যপত্র মোতাবেক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র: নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীতে কোন রূপ সংশোধনী না থাকায় সভায় অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর,সিলেট। |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগন ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |
| ০৩ | বিভিন্ন রাজস্ব ব্যয় অনুমোদন | (ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় মশা নিধন কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন সরঞ্জামাদি ও ঔষধ ক্রয়ের বিল বাবদ ৬টি ইউনিয়নের ৬০,০০০/- (ষাট হাজার) টাকার বিল উপস্থাপন করেন। এছাড়া উপজেলা পরিষদের কম্পিউটারের নতুন কালির টোনার কার্টিজ ক্রয়ের বিল এবং নিয়মিত ও নির্ধারিত আপ্যায়ন ও আনুষাঙ্গিক ব্যয়ের বিল সভায় উপস্থাপন করেন। সভায় উক্ত বিলসমূহ পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক) আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের 'মশা নিধন' খাত হতে উল্লেখিত বিভিন্ন সরঞ্জামাদি ও ঔষধ ক্রয়ের বিল বাবদ ৬টি ইউনিয়নের ৬০,০০০/- (ষাট হাজার) টাকার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদের কম্পিউটারের প্রিন্টারের নতুন টোনার কার্টিজ ক্রয়ের বিল 'অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত' খাত হতে পরিশোধসহ নিয়মিত ও নির্ধারিত ব্যয়ের বিলসমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে সি সি ক্যামেরা স্থাপন বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বিল হয়েছে। উক্ত বিল পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (খ) আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের 'ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়' খাত হতে উল্লেখিত বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট। |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে সৌর বিদ্যুৎ স্থাপনের বিল বাবদ ৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা বিল হয়েছে। উক্ত বিল পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (গ) আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের 'সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন' খাত হতে উল্লেখিত বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট। |
| | | (ঘ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, অফিস সরঞ্জাম ক্রয় ও বিভিন্ন সরঞ্জাম মেরামত বাবদ ২,৩২,২০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা বিল হয়েছে। উক্ত বিল পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ঘ) আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের 'অফিস সরঞ্জাম ক্রয়' খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট। |
| ০৪ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | (ক) উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | (ক) বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট। |
| | | (খ)উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, ডিবির হাওর শাপলা বিলে পর্যটকদের আসা যাওয়ার জন্য শাপলা বিলের রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। বর্তমানে রাস্তার অবস্থা চলাচলের অনুপযুক্ত। সভায় এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়। | (খ) আলোচনান্তে ডিবির হাওর শাপলা বিলে পর্যটকদের আসা যাওয়ার জন্য শাপলা বিলের রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট। |
| | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, জৈন্তাপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের সামনে ময়লা আবর্জনা অপসারণ করে সৌন্দর্য বর্ধনের প্রকল্প নেয়া যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের উদ্বৃত্ত খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে পিআইসি পদ্ধতিতে উল্লেখিত প্রকল্প সমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট। |

CamScanner

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/০৯/২০২৪

উম্মে সালিক রুমাইয়া
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
জৈন্তাপুর, সিলেট।

স্মারক নং-০৫.৪৬.৯১৫৩.০০৩.০৩.২০১৭.১৪. (৪০) তারিখ : ১৭ / ০৯ / ২০২৪খ্রি.

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। উপজেলা ---------- কর্মকর্তা (সকল), জৈন্তাপুর, সিলেট।
০৫। চেয়ারম্যান, ---------- (সকল), জৈন্তাপুর, সিলেট।
০৬। অফিস কপি।

১৯/০৯/২০২৪

উম্মে সালিক রুমাইয়া
উপজেলা নির্বাহী অফিসার
জৈন্তাপুর, সিলেট।

CamScanner

পরিশিষ্ট 'ক'

৬ষ্ঠ উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৪ ইং মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর :

(স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব বাহারুল আলম বাহার | চেয়ারম্যান, ৪নং দরবস্ত ইউপি | স্বাক্ষরিত |
| ০২ | মিজ ফারজানা আক্তার লাবনী | সহকারী কমিশনার (ভূমি) | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোঃ আজিজুল হক খোকন | উপজেলা একাডেমিক সুপারভাইজার | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ আবেদ হোসেন | উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব ডাঃ আব্দুল্লাহ আল মামুন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব অলিউর রহমান | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব রফিক আহমদ | চেয়ারম্যান, ৫নং ফতেপুর ইউপি | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ ইন্তাজ আলী | চেয়ারম্যান, ১নং নিজপাট ইউপি | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব ডাঃ মোঃ সাইফুল ইসলাম | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১০ | জনাব শামীমা আক্তার | উপজেলা কৃষি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১১ | জনাব এ,কে,এম রিয়াজ মাহমুদ | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরি |
| ১২ | জনাব মোঃ রুহুল আমীন | জনস্বাস্থ্য প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ আহসান হাবীব | এজিএম (এমএস),সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব সজল চাকলাদার | আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোহাঃ শরীফ উদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব সবিতা দেব | খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মোহাম্মদ হারুনুর রশীদ | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন | সহাকারী প্রোগ্রামার, আইসিটি | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোঃ সুলতান করিম | চেয়ারম্যান, ৩নং চারিকাটা ইউপি | স্বাক্ষরিত |
| ২০ | জনাব ফখরুল ইসলাম | চেয়ারম্যান, ২নং জৈন্তাপুর ইউপি | স্বাক্ষরিত |
| ২১ | জনাব রতন চন্দ্র দাস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মোঃ শাহ আলম | প্রতিনিধি,উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব তাসলিমা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| | জনাব মোঃ আব্দুল খালিক | ফরেস্ট অফিসার | স্বাক্ষরিত |

পরিশিষ্ট-খ

উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৪ইং মাসের মাসিক সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ :

(জেষ্টতার ভিত্তিতে নহে)

১) চেয়ারম্যান, ৬নং চিকনাগুল ইউপি, জৈন্তাপুর,সিলেট।
২) উপজেলা নির্বাচন কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
৪) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
৫) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
৬) উপজেলা আনসার ভিডিপি অফিসার , জৈন্তাপুর,সিলেট।
৭) ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জৈন্তাপুর,সিলেট।

CamScanner